গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
**www.lawjusticediv.gov.bd**

নং-৪৮৬-বিচার-৩/২পি-০৪/২০১৬(অংশ), তারিখঃ ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বান্দরবানের সাবেক অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম-জেলা জজ) জনাব মোঃ আবু হানিফ এর অনুকুলে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ কর্তৃক ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমফিল কোর্সে অধ্যয়নের নিমিত্ত আগামী ০৮/৭/২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৭/০৭/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য নিম্নলিখিত শর্তে প্রেষণ মঞ্জুর করা হলো।

**শর্তসমূহ**

(ক) তাঁর প্রেষণের সময়কাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে;
(খ) তিনি যথারীতি বিধি মোতাবেক বেতনভাতাদি প্রাপ্ত হবেন।
(গ) তাঁর এ অধ্যয়নে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবেনা;
(ঘ) সরকারের অনুমতি ব্যতীত প্রেষণের অতিরিক্ত সময় তিনি উক্ত বিশ্ববিদ্যালয়ে অবস্থান করতে পারবেন না, অবস্থান করলে তা অবৈধ অনুপস্থিতি হিসেবে গণ্য হবে;
(ঙ) তিনি এমফিল প্রোগ্রাম সম্পন্নের পর অবিলম্বে কর্মস্থলে যোগদান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাঃ-
(মোঃ মাহবুবার রহমান সরকার)
উপ-সচিব (প্রশাসন-১)

নং-৪৮৬/১(১২) বিচার-৩/২পি-০৪/২০১৬(অংশ), তারিখঃ ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, বান্দরবান।
৩। পরিচালক, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বান্দরবান।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৮। জনাব মোঃ আবু হানিফ, সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম-জেলা জজ),আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। গার্ড ফাইল।

০৬/৭/২০১৭

(ওয়াসিম শেখ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১